শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০
orgbdr.gov.bd

স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০১.১৮.০১২.২৩- ২০৮৬ তারিখ: ২৭/১২/২০২৩ খ্রি.

**বিষয়: ইস্যুকৃত জন্ম, মৃত্যু নিবন্ধন সনদে স্বাক্ষরের সাথে তারিখ লিখন।**

দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যক্রম চলমান রয়েছে। জন্ম এবং মৃত্যু নিবন্ধনের পর ব্যক্তির চাহিদা মোতাবেক জন্ম নিবন্ধন সনদ বা মৃত্যু নিবন্ধন সনদ ইস্যু করা হয়। অনেক ক্ষেত্রেই জন্ম বা মৃত্যু নিবন্ধনের দিনেই ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ বা মৃত্যু নিবন্ধন সনদ চাওয়া হয় এবং ইস্যু করা হয়। আবার, অনেকক্ষেত্রে জন্ম নিবন্ধন বা মৃত্যু নিবন্ধনের অনেক পরে জন্ম নিবন্ধন সনদ বা মৃত্যু নিবন্ধন সনদ চাওয়া হয় এবং উহা ইস্যু করা হয়। জন্ম নিবন্ধন সনদ বা মৃত্যু নিবন্ধন সনদে ইস্যু করার তারিখ এবং সনদে নিবন্ধক ও নিবন্ধক সহকারীর (Assistant to Registrar) তারিখসহ স্বাক্ষর থাকতে হয়। কিন্তু অনেক ক্ষেত্রেই লক্ষ্য করা গেছে যে, অনেক জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে নিবন্ধকের বা নিবন্ধক সহকারীর স্বাক্ষর থাকলেও স্বাক্ষরের সাথে তথা নিচে তারিখ লেখা হয় না। ইহা অসম্পূর্ণ ব্যাপার এবং ইহা গ্রহণযোগ্য নয়। স্বাক্ষরের দিনের তারিখ অবশ্যই থাকতে হবে। তারিখ বিহীন স্বাক্ষর হয় না (a signature without date is no signature at all)। স্বাক্ষরের সময় তারিখ না দিলে কবে কে স্বাক্ষর করেছে তা স্পষ্ট হয় না।

০২। বর্ণিত অবস্থায়, তাঁর অধীন নিবন্ধক এবং নিবন্ধক সহকারীকে ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ ও মৃত্যু নিবন্ধন সনদে স্বাক্ষরের সাথে তারিখ লেখার প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

২৭/১২/২০২৩

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ০২-২২৩৩৮৬৬০৬
ই-মেইল: rg@orgbdr.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
০২। জেলা প্রশাসক (সকল)।
০৩। পরিচালক, কনস্যুলার এবং এমআরপি, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
০৫। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)।
০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**অনুলিপি: (সদয় অবগতির জন্য)**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। একান্ত সচিব, বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)।
০৩। প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।